

2 0 1 8

BENGALI

(Major)

Paper : 2.1

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও/শূন্যস্থান পূর্ণ করো : $1 \times 10 = 10$

(ক) “এই আশায় সে সাধু খুঁজিতে বাহির হইয়া পড়িল।”
কে সাধু খুঁজিতে বের হয়েছিলেন?

(খ) যোগিকতলার বাগানে খুব কম খরচে দিনযাপন পদ্ধতির
মধ্যে একমাত্র বাজে খরচ কি ছিল?

(গ) “সকালে উঠিয়া কুঠরির (cell) বাহিরে উঁকি মারিয়া
দেখিলাম—নরক একেবারে _____।”

(শূন্যস্থান পূর্ণ করো)

(ঘ) ইমপেক্টর পূর্ণ লাহিড়ি ‘যুগান্তর’-এর সম্পাদক ভেবে
কাকে প্রেপ্তার করেছিলেন?

(ঙ) “এই অভূত মানুষটির জীবনে একটা সম্পূর্ণ নূতন অধ্যায়
আরম্ভ হইয়া গিয়াছে।” এখানে কার কথা বলা হয়েছে?

(চ) কত ব্রীষ্টান্ডে শিবনাথ শাস্ত্রী বিশ্ববিদ্যালয়ের প্রবেশিকা
পরীক্ষা পাশ করেন?

- (ছ) সংস্কৃত কলেজে কে ইংরেজি শিক্ষার প্রবর্তন করেছিলেন ?
- (জ) “আচ্ছা ত বেড়াল তাড়াতে বসিয়েছি, নিজেই বেড়াল হয়েছে।” উক্তিটি কার ?
- (ঝ) প্রথম বিধবাবিবাহ কার বাড়িতে সম্পন্ন হয়েছিল ?
- (ঞ) “ইহাদের ভবনে আসিয়া আমি অনেক প্রকারে উপকৃত হইলাম।” এখানে বক্তা কার বাড়িতে বসবাসের কথা উল্লেখ করেছেন ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) “আমি উভয় দলেরই রসাস্বাদ করিয়া ফিরিতাম।” এখানে কোন্ কোন্ দলের কথা বলা হয়েছে ?
- (খ) ফাঁসির হুকুম শুনে উল্লাসকর দত্ত কি বলে প্রতিক্রিয়া প্রকাশ করেছিলেন ?
- (গ) “ইংরাজ রাজত্বটা যে কি, তাহা আমি আইরিশ, সুতরাং ভাল করিয়া বুঝি।” বক্তা কে ? ‘আইরিশ’ শব্দের অর্থ কী ?
- (ঘ) শিবনাথ শাস্ত্রীর বাসস্থান কোন্ গ্রামে ছিল ? গ্রামটির অবস্থান বর্ণনা করো।
- (ঙ) “তখন হইতে ব্রাহ্ম-সমাজের দিকে মনে মনে একটু আকর্ষণ হয়। এই আকর্ষণের আরও দুইটি কারণ ছিল।” এই কারণ দুটি উল্লেখ করো।

৩। নির্দেশ অনুযায়ী যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

- (ক) “... তখন ঐ নারায়ণগড়ের ব্যাপার মনে করিয়া আমাদের হাসিও পায়, কান্নাও আসে।” কোন্ প্রসঙ্গে বক্তা এই উক্তি করেছিলেন? ঘটনাটি সংক্ষেপে বর্ণনা করো।
- (খ) খিদিরপুর ডক থেকে জাহাজে উপেন্দ্রনাথদের আন্দামান যাত্রার বিবরণ সংক্ষেপে বর্ণনা করো।
- (গ) আন্দামান জেলে ধর্মঘটকারী রাজনৈতিক বন্দীরা জেল কর্তৃপক্ষের কাছে কি কি তিনটি জিনিস চেয়েছিলেন তা উল্লেখ করো।
- (ঘ) “আমার টিল ছোঁড়া বিষয়ে দুইটি ঘটনা স্মরণ আছে।” যে কোনো একটি ঘটনা উল্লেখ করো।
- (ঙ) ‘বেণীসংহার’ নাটকটির অভিনয় প্রসঙ্গে শিবনাথ শাস্ত্রী যে অভিজ্ঞতার সম্মুখীন হয়েছিলেন তা ব্যক্ত করো।
- (চ) “কান পাতিয়া আছি, কেহ তখন শব্দ করিলে বারণ করিতাম, চুপ কর, চুপ কর, পিঁপড়েরা কি বলছে শুনি।” প্রসঙ্গটি আলোচনা করো।

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ থেকে দুটি করে নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাও :

$১০ \times ৪ = ৪০$

ক—গুচ্ছ

- (ক) “‘নির্বাসিতের আত্মকথা’য় সমকালীন ভারতবর্ষের রাজনৈতিক এবং সামাজিক প্রেক্ষাপটটি নিবিড়ভাবে চিত্রিত হয়েছে।” আলোচনা করো।

- (খ) ‘নির্বাসিতের আত্মকথা’ গ্রন্থে উপেন্দ্রনাথের ভাষাভঙ্গি এবং রচনারীতি সম্বন্ধে আলোচনা করো ।
- (গ) ‘নির্বাসিতের আত্মকথা’ গ্রন্থে বারীন্দ্রকুমার ঘোষ অথবা উল্লাসকর দত্তের যে জীবনবৃত্তান্ত আলোচিত হয়েছে তা ব্যক্ত করো ।
- (ঘ) “মেজাজ একটু ঠাণ্ডা হইবার প্রবলতর কারণ জার্মানীর সহিত ইংরাজের যুদ্ধ । যুদ্ধ বাধিবার অল্পদিনের মধ্যেই কর্তাদের মুখ যেন শুকাইয়া গেল ।” প্রথম বিশ্বযুদ্ধ শুরু হবার পর আন্দামান জেল কর্তৃপক্ষের আচরণগত পরিবর্তন সম্বন্ধে আলোচনা করো ।

খ—গুচ্ছ

- (ক) “ফলত আমি তখন মিথ্যা বলিতে পারিতাম না, বড় জোর মৌনী থাকিতাম; অসত্য বলিতাম না ।” ‘আত্মচরিত’ গ্রন্থে অবলম্বনে কয়েকটি ঘটনা বর্ণনা করে শিবনাথ শাস্ত্রীর সত্যনিষ্ঠা সম্বন্ধে আলোচনা করো ।
- (খ) ‘আত্মচরিত’ গ্রন্থে শিবনাথ শাস্ত্রী নিজ মাতা ও পিতা সম্বন্ধে যে স্মৃতিচারণ করেছেন তা তোমার পঠিত অংশ অবলম্বনে ব্যক্ত করো ।
- (গ) “১৮৬৮ সালের প্রথমে আমরা এক বিধবাবিবাহ দিলাম ।” এই ‘বিধবাবিবাহ’-এর ইতিবৃত্তটি বর্ণনা করো ।
- (ঘ) আত্মজীবনী হিসেবে শিবনাথ শাস্ত্রীর ‘আত্মচরিত’ গ্রন্থের মূল্যায়ন করো ।

★ ★ ★